

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০১.২৬.৭৪

তারিখ: ২৯ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ‘খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটি (এফপিএমসি)’ নিম্নরূপে পুনর্গঠন করেছে:

১.১। কমিটির গঠন :

১. মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	:	সভাপতি
২. মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়	:	সদস্য
৩. মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়	:	সদস্য
৪. মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়	:	সদস্য
৫. মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	:	সদস্য
৬. মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়	:	সদস্য
৭. মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	:	সদস্য
৮. মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ	:	সদস্য
৯. মন্ত্রী/প্রতিমন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়	:	সদস্য
১০. মন্ত্রিপরিষদ সচিব	:	সদস্য
১১. সচিব, অর্থ বিভাগ	:	সদস্য
১২. সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	:	সদস্য
১৩. সচিব, শিল্প মন্ত্রণালয়	:	সদস্য
১৪. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	:	সদস্য
১৫. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়	:	সদস্য
১৬. সচিব, খাদ্য মন্ত্রণালয়	:	সদস্য
১৭. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	:	সদস্য
১৮. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ	:	সদস্য
১৯. সচিব, কৃষি মন্ত্রণালয়	:	সদস্য
২০. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	:	সদস্য
২১. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	:	সদস্য
২২. মহাপরিচালক, খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট (এফপিএমইউ), খাদ্য মন্ত্রণালয়	:	সদস্য-সচিব।

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.২। কমিটির কার্যপরিধি :

(১) কমিটি সার্বিক খাদ্য পরিস্থিতির উপর নিয়মিত নজর রাখবে;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

- (২) কমিটি খাদ্যশস্য উৎপাদনের পরিসংখ্যান, খাদ্যশস্যের চাহিদা নিরূপণ, খাদ্যশস্যের মজুত, সামগ্রিক খাদ্য ব্যবস্থাপনা, খাদ্য ও পুষ্টি নিরাপত্তা এবং খাদ্য সম্পর্কীয় অন্যান্য বিষয় পর্যালোচনা করে সঠিক সিদ্ধান্ত গ্রহণে সরকারকে পরামর্শ প্রদান করবে;
- (৩) পুষ্টিকর স্বাস্থ্যসম্মত খাদ্যের নিশ্চয়তা বিধানকল্পে বাস্তব পরিস্থিতি পর্যালোচনা করে সরকারকে প্রয়োজনমত পরামর্শ প্রদান করবে; এবং
- (৪) জনগণের নিরাপদ খাদ্যের চাহিদা বিবেচনায় রেখে খাদ্যের নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় দিক নির্দেশনা ও পরামর্শ প্রদান করবে।

১.৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।


১.৪। কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৫। খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট (এফপিএমইউ) এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৬। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২৪ মার্চ ২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০১.২৬.৬০ স্মারকের অনুবৃত্তিক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(মোঃ হুমায়ুন কবির)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোন: ০২-২২৬৬৪১০০১

e-mail: addl_ce@cabinet.gov.bd